

## সংলাপ লিখন

শিখনফল

# সংলাপ কী ?

# সংলাপের বিষয়বস্তু অনুধাবন

# সংলাপ রচনার কৌশল

ইংরেজি 'Dialogue' বা 'Conversation' -এর বাংলা প্রতিশব্দ সংলাপ বা কথোপকথন। দুই বা তার বেশি ব্যক্তির মধ্যে যে কথাবার্তা, তাকেই বলা হয় সংলাপ বা কথোপকথন।

সংলাপ রচনা একটি সৃষ্টিশীল শিল্পকর্ম। তাই সংলাপ নীরস নয় সরস শিল্প গুণাবিহীন করতে হবে। সংলাপ রচনার জন্য প্রদত্ত বিষয়টি নিয়ে প্রথমে ভালোভাবে ভেবে-চিন্তে মনের মধ্যে গুছিয়ে নিতে হবে।

বিষয়ের উপস্থাপনা ও পরিণতির মধ্যে একটি সুসংগত সামঞ্জস্য থাকা বাঞ্ছনীয়। বিষয় অনুযায়ী চরিত্র ভেবে নিতে হবে কিংবা চরিত্রের ধরন বুঝে উপযুক্ত সংলাপ রচনা করতে হবে।

সংলাপের ভাষা স্পষ্ট, প্রাঞ্জল ( সুখবোধ্য, স্বচ্ছ ) হৃদয়স্পর্শী হওয়া আবশ্যিক।

সংলাপনির্ভর বাক্য ছোট হলেই ভালো।

সংলাপের আয়তনের নির্দিষ্ট কোনো মাপজোখ নেই। বক্তব্য বিষয় পূর্ণতা লাভ করলেই সংলাপের সমাপ্তি। তবে দীর্ঘ সংলাপ না হওয়াই উত্তম।

পূর্ববর্তী সংলাপের সঙ্গে পরবর্তী সংলাপের একটা সুনির্দিষ্ট যোগসূত্র থাকা উচিত। লক্ষ রাখতে হবে, সংলাপ যেন বক্তা-প্রতিবক্তার নিছক প্রশ্ন ও উত্তরে পর্যবসিত না হয়। সংলাপে গতিশীলতা থাকতে হবে।

বিশেষ ক্ষেত্রে কৌতুক -রস কিংবা ব্যঙ্গ-বিদ্রুপের শাণিত ফলা সংলাপকে সজীব ও প্রাণবন্ত করে।